



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

www.dhakaeducationboard.gov.bd

নং-৪৩/ক/স্বী:/৮৪(অংশ-৩)/১৩৫৪

তারিখ : ১২/১১/২০২৪

বিষয় : ঢাকা মহানগরীর রমনা থানাধীন “ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ” এর গভর্নিং বডিতে অভিভাবক সদস্য ড. মোহাম্মদ তাজুল ইসলাম-এর সদস্য পদ বাতিল প্রসঙ্গে।

সূত্র: ১. শেখ জিয়াউর রহমান গং এর ০৮/০১/২০২৩ তারিখের আবেদন;

২. মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং-৭২৭/২০২৩ এর ০৫/০৩/২০২৪ তারিখের আদেশ;

৩. মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক গঠিত তদন্ত কমিটির ২৭/১০/২০২৪ তারিখের প্রতিবেদন;

৪. মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর পত্র নং-৪৩/ক/স্বী:/৮৪(অংশ-১)/৩৮৩, তারিখ: ৩১/১০/২০২৪;

৫. ড. মোহাম্মদ তাজুল ইসলাম এর গত ০৫/১১/২০২৪ তারিখের পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, ঢাকা মহানগরীর রমনা থানাধীন “ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ” এর গভর্নিং বডির অভিভাবক সদস্য ড. মোহাম্মদ তাজুল ইসলাম এর পদ ও প্রার্থিতা বাতিল সংক্রান্ত অভিযোগের প্রেক্ষিতে সূত্রোক্ত তদন্ত প্রতিবেদনের সুপারিশ অনুযায়ী ম্যানেজিং কমিটি গঠন সংক্রান্ত প্রবিধানমালা এস.আর.ও নং-৯৯-আইন/২০০৯ এর যথাক্রমে প্রবিধি-৩৮(১) ও প্রবিধি-৩৮(২) ধারা এবং প্রবিধানমালা এস, আর, ও নং ৭৩-আইন/২০২৪ এর যথাক্রমে প্রবিধি-৭৩(৪) ও প্রবিধি-৭৩(৫) ধারা মোতাবেক অভিভাবক সদস্য হিসেবে ডঃ মোহাম্মদ তাজুল ইসলাম এর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় এবং তাঁর কারণ দর্শানো পত্রের জবাব সন্তোষজনক না হওয়ায়, ঢাকা মহানগরীর রমনা থানাধীন “ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ” এর গভর্নিং বডির অভিভাবক সদস্য ড. মোহাম্মদ তাজুল ইসলাম এর সদস্য পদ এতদ্বারা বাতিল করা হলো।

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বাক্ষর:

প্রফেসর মো: রিজাউল হক
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন: ৫৮৬১২৪৭৬

ইমেইল: ic@dhakaeducationboard.gov.bd

সভাপতি, গভর্নিং বডি

ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ (EIN-108357)

রমনা, ঢাকা।

মেমো নং-১৩৫৪(৬)

তারিখ: ১২/১১/২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, ঢাকা
- ৩। জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
- ৪। অধ্যক্ষ(ভারপ্রাপ্ত), ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, রমনা, ঢাকা।
- ৫। পি. এস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬। শেখ জিয়াউর রহমান গং, রীট পিটিশনার, রমনা, ঢাকা।
- ৭। অফিস কপি।

স্বাক্ষর

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

12.11.24